মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম
সি.ডি.এ. এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম।
E-mail : info@ bise-ctg.gov.bd, Website : www.bise-ctg.gov.bd

স্মারক নং : চশিবো/পরী-মাধ্য/পরি-১১/২০১৯/৪০৪২ (১৫০০)

তারিখ : ২৩/১০/২০১৯ ইং

২০২০ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষার সময়সূচি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম -এর অধীনে ২০২০ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। বিশেষ প্রয়োজনে বোর্ড কর্তৃপক্ষ এই সময়সূচি পরিবর্তন করতে পারবে।

বিষয় ও সময় সকাল ১০টা হতে বেলা ১টা পর্যন্ত	বিষয় কোড	তারিখ ও দিন	বিষয় ও সময় বিকেল ২টা হতে বিকেল ৫টা পর্যন্ত	বিষয় কোড
১। বাংলা (আবশ্যিক) - ১ম পত্র	১০১	০১/০২/২০২০ শনিবার	×	×
১। বাংলা (আবশ্যিক) - ২য় পত্র	১০২	০২/০২/২০২০ রবিবার	×	×
১। ইংরেজি (আবশ্যিক) - ১ম পত্র	১০৭	০৪/০২/২০২০ মঙ্গলবার	×	×
১। ইংরেজি (আবশ্যিক) - ২য় পত্র	১০৮	০৬/০২/২০২০ বৃহস্পতিবার	×	×
১। গণিত (আবশ্যিক)	১০৯	০৮/০২/২০২০ শনিবার	×	×
১। ইসলাম ও নৈতিক শিক্ষা ২। হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষা ৩। বৌদ্ধ ধর্ম ও নৈতিক শিক্ষা ৪। খ্রিস্ট ধর্ম ও নৈতিক শিক্ষা	১১১ ১১২ ১১৩ ১১৪	১০/০২/২০২০ সোমবার	×	×
১। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	১৫৪	১১/০২/২০২০ মঙ্গলবার	×	×
১। গার্হস্থ্য বিজ্ঞান (তত্ত্বীয়) ২। কৃষি শিক্ষা (তত্ত্বীয়)	১৫১ ১৩৪	১২/০২/২০২০ বুধবার	১। শারীরিক শিক্ষা, স্বাস্থ্যবিজ্ঞান ও খেলাধূলা (অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য)	১৪৭
১। পদার্থ বিজ্ঞান (তত্ত্বীয়) ২। বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা ৪। ফিন্যান্স ও ব্যাংকিং	১৩৬ ১৫৩ ১৫২	১৩/০২/২০২০ বৃহস্পতিবার	×	×
১। রসায়ন (তত্ত্বীয়) ২। পৌরনীতি ও নাগরিকতা ৩। ব্যবসায় উদ্যোগ	১৩৭ ১৪০ ১৪৩	১৫/০২/২০২০ শনিবার	×	×
১। ভূগোল ও পরিবেশ	১১০	১৬/০২/২০২০ রবিবার	১। ক্যারিয়ার শিক্ষা (অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য)	১৫৬
১। হিসাব বিজ্ঞান	১৪৬	১৭/০২/২০২০ সোমবার	×	×
১। বিজ্ঞান ২। উচ্চতর গণিত (তত্ত্বীয়)	১২৭ ১২৬	১৮/০২/২০২০ মঙ্গলবার	×	×
১। জীব বিজ্ঞান (তত্ত্বীয়) ২। অর্থনীতি	১৩৮ ১৪১	২০/০২/২০২০ বৃহস্পতিবার	×	×
১। বাংলাদেশ ও বিশ্ব পরিচয়	১৫০	২২/০২/২০২০ শনিবার	×	×

ব্যবহারিক পরীক্ষার সময়সূচি :

বিষয় ও বিষয় কোড	তারিখ ও দিন	সময়	স্থান	মন্তব্য
বেসিক ট্রেড (১৩৫) সহ সকল বিষয়ের ব্যবহারিক পরীক্ষা	২৩/০২/২০২০ তারিখ রবিবার হতে ২৯/০২/২০২০ তারিখ রবিবার পর্যন্ত (উল্লেখিত তারিখের মধ্যে অবশ্যই পরীক্ষা সম্পন্ন করতে হবে এবং ০৮/০৩/২০২০ তারিখ রবিবার এর মধ্যে হাতে হাতে ওএমআর ফরম এবং ব্যবহারিক উত্তরপত্র, স্বাক্ষরলিপি ও অন্যান্য আনুষঙ্গিক কাগজপত্রাদি **রোল নম্বরের ক্রমানুসারে সাজিয়ে মাধ্যমিক পরীক্ষা শাখার কক্ষ নং-৪০৫-এ জমা দিতে হবে।**)	প্রতিদিন সকাল ১০টা হতে পরীক্ষা শুরু হবে।	স্ব স্ব পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। (যে কেন্দ্রে তত্ত্বীয় পরীক্ষা দিয়েছে)	ব্যবহারিক পরীক্ষার জন্য শুধুমাত্র ব্যবহারিক উত্তরপত্র ব্যবহার করতে হবে। কোনক্রমেই তত্ত্বীয় পরীক্ষার মূল উত্তরপত্র ব্যবহার করা যাবে না।

চলমান পাতা-২

Scanned by CamScanner

বিশেষ নির্দেশাবলী :

১। পরীক্ষা শুরুর ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে অবশ্যই পরীক্ষার্থীদেরকে পরীক্ষা কক্ষে আসন গ্রহণ করতে হবে।
২। প্রশ্নপত্রে উল্লিখিত সময় অনুযায়ী পরীক্ষা গ্রহণ করতে হবে।
৩। **প্রথমে বহুনির্বাচনী ও পরে সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়) পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং উভয় পরীক্ষার মধ্যে কোন বিরতি থাকবে না।**
৪। পরীক্ষার্থীগণ তাদের প্রবেশপত্র নিজ নিজ প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে পরীক্ষা আরম্ভের কমপক্ষে তিনদিন পূর্বে সংগ্রহ করবে।
৫। নিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে শারীরিক শিক্ষা, স্বাস্থ্যবিজ্ঞান ও খেলাধুলা (১৪৭) এবং ক্যারিয়ার শিক্ষা (১৫৬) বিষয়সমূহ এনসিটিবি এর নির্দেশনা অনুসারে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে প্রাপ্ত নম্বর (নাম, রোল নম্বর, রেজিষ্ট্রেশন নম্বর অনুযায়ী) ০৫/০২/২০২০ তারিখের মধ্যে গালাসীলযুক্ত প্যাকেটে এককপি পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরে, এককপি সংশ্লিষ্ট কেন্দ্রে প্রেরণ পূর্বক অন্য একটি কপি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে। কেন্দ্র সচিব পরীক্ষা চলাকালীন সময়ে অনলাইনের মাধ্যমে প্রাপ্ত নম্বর এন্ট্রি করে শিক্ষাবোর্ডে প্রেরণ করবেন।
৬। প্রত্যেক পরীক্ষার্থী নিজ নিজ উত্তরপত্রের ও.এম.আর. ফরমে তার পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, বিষয়কোড ইত্যাদি যথাযথভাবে লিখে বৃত্ত ভরাট করবে। কোন অবস্থাতেই মার্জিন কিংবা অন্য কোন প্রয়োজনে উত্তরপত্র ভাঁজ করা যাবে না।
৭। পরীক্ষার্থীকে সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়) বহুনির্বাচনী ও ব্যবহারিক অংশে পৃথকভাবে পাস করতে হবে।
৮। প্রত্যেক পরীক্ষার্থী কেবলমাত্র নিবন্ধনপত্রে বর্ণিত বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। কোন অবস্থাতেই ভিন্ন বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।
৯। কোন পরীক্ষার্থীর পরীক্ষা (সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়), বহুনির্বাচনী ও ব্যবহারিক) নিজ বিদ্যালয়ে/ প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে না। পরীক্ষার্থী স্থানান্তরের মাধ্যমে আসন বিন্যাস করতে হবে।
১০। পরীক্ষার্থীগণ পরীক্ষায় সাধারণ সায়েন্টিফিক (Non Programmable) ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে।
১১। কেন্দ্র সচিব ছাড়া অন্য কোন ব্যক্তি/পরীক্ষার্থী মোবাইল ফোন আনতে এবং পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন ব্যবহার করতে পারবে না ।
১২। সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়), বহুনির্বাচনী ও ব্যবহারিক পরীক্ষায় পরীক্ষার্থীর উপস্থিতির জন্য একই উপস্থিতি পত্র ব্যবহার করতে হবে।
১৩। ব্যবহারিক পরীক্ষা স্ব-স্ব কেন্দ্র/ভেন্যুতে অনুষ্ঠিত হবে। কেবলমাত্র বেসিক ট্রেড বিষয়ের ব্যবহারিক পরীক্ষা স্ব স্ব প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত হবে।
১৪। পরীক্ষার ফল প্রকাশের ০৭ (সাত) দিনের মধ্যে পুন: নিরীক্ষার জন্য অনলাইনে SMS এর মাধ্যমে আবেদন করা যাবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

২৩/১০/১৯
(মোহাম্মদ মাহবুব হাসান)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।
ফোন : ০৩১-২৫৫৩১৪৫, ফ্যাক্স : ০৩১-২৫৫৩১৫১
Email : ce@bise-ctg.gov.bd

স্মারক নং : চশিবো/পরী-মাধ্য/পরি-১১/২০১৯/৪০৪২ (১৫০০) ২৩/১০/১৯ তারিখ : ২৩/১০/২০১৯ ইং

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)
১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩। মাননীয় শিক্ষা মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। মাননীয় শিক্ষা উপ-মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। জেলা প্রশাসক, চট্টগ্রাম/কক্সবাজার/রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান।
৬। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, ঢাকা, কুমিল্লা, রাজশাহী, যশোর, সিলেট, বরিশাল, দিনাজপুর ও ময়মনসিংহ।
৭। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, চট্টগ্রাম-এ সকল কর্মকর্তা।
৮। উপজেলা নির্বাহী অফিসার, চট্টগ্রাম/কক্সবাজার/রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান এর উপজেলাসমূহ।
৯। জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম/কক্সবাজার/রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান।
১০। চট্টগ্রাম শিক্ষা বোর্ডের আওতাধীন এসএসসি পরীক্ষা-২০১৯ এর কেন্দ্র সচিববৃন্দ।
১১। চট্টগ্রাম শিক্ষা বোর্ডের আওতাধীন সকল বিদ্যালয় প্রধান।
১২। পি.এস. টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, চট্টগ্রাম।
১৩। অফিস কপি।

২৩/১০/১৯
(নারায়ন নাথ)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, চট্টগ্রাম।
ফোন : ০৩১-২৫৫৭৫১৬।

২৩/১০/১৯

Scanned by CamScanner